



প্রধানমন্ত্রী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৩ বৈশাখ ১৪৩৩

৬ মে ২০২৬

বাণী

শুরু হচ্ছে 'নৌ নিরাপত্তা সপ্তাহ ২০২৬'। দুর্ঘটনা ও দূষণমুক্ত নৌ চলাচল ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে জনসচেতনতা তৈরি এবং কার্যকর ব্যবস্থাপনা নিশ্চিত করতে প্রতি বছরের মতো এ বছরও 'নৌ নিরাপত্তা সপ্তাহ ২০২৬' পালিত হচ্ছে। ১০ মে থেকে ১৬ মে পর্যন্ত এই নৌ নিরাপত্তা সপ্তাহ চলবে। নৌপরিবহন মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তরের উদ্যোগে এবারের নৌ নিরাপত্তা সপ্তাহের মূল প্রতিপাদ্য 'বিপদমুক্ত নৌযাত্রা, জানমালের সুরক্ষা'।

দেশের এক-তৃতীয়াংশ মানুষের চলাচল নৌপথে। অপরদিকে নৌপথে পণ্য পরিবহনের পরিমাণের হার সর্বাধিক। এমন বাস্তবতায় দেশের নৌ নিরাপত্তা নিশ্চিত করা অনিবার্য।

আবহমানকাল থেকে অদ্যাবধি বাংলাদেশের মানুষের যাতায়াত এবং পণ্য পরিবহনের অন্যতম প্রধান মাধ্যম নদী ও নৌযান। অন্যান্য পরিবহনের তুলনায় নৌপথ অধিকতর সাশ্রয়ী ও পরিবেশবান্ধব এবং একই সঙ্গে এটি দেশের অর্থনীতির চালিকাশক্তি হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

বাংলাদেশের অভ্যন্তরীণ নদীপথ, সমুদ্র উপকূলীয় এবং সমুদ্রগামী সকল নৌযানসমূহ ডেটাবেইজের আওতায় আনতে ইতোমধ্যেই সরকার নৌযান শুমারি, নৌযানসমূহের ডেটাবেইজ এবং নৌযান ব্যবস্থাপনার সক্ষমতা বৃদ্ধির কার্যক্রম হাতে নিয়েছে। নৌযান শুমারি প্রকল্পের সফল বাস্তবায়নের মাধ্যমে সারাদেশে নদীপথে চলমান নৌযানসমূহের একটি বিস্তৃত চিত্র পাওয়া যাবে, যা পরবর্তীতে নৌপথে নিরাপত্তা বৃদ্ধি, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাণিজ্যে কার্যকর নীতি, পরিকল্পনা এবং সিদ্ধান্ত গ্রহণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

সরকার নৌযানসমূহের চলাচল নিরাপদ ও দুর্ঘটনামুক্ত করতে আধুনিক নৌযান নির্মাণ এবং তাতে অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করছে। আসন্ন কালবৈশাখী ও বর্ষা মৌসুমসহ বছরব্যাপী চলাচলরত নৌযানসমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে নৌ নিরাপত্তা সপ্তাহ পালন ইতিবাচক ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি।

নদীপথে নৌ নিরাপত্তা নিশ্চিত করতে নৌযান মালিক, শ্রমিক ও যাত্রীসাধারণের ভূমিকা ও দায়িত্ব অপরিহার্য। সকলের ঐকান্তিক সহযোগিতার মধ্য দিয়েই সার্বিকভাবে দেশের একটি নিরাপদ নৌব্যবস্থা গড়ে তোলা সম্ভব। নৌ নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সরকারি সংস্থার পাশাপাশি বেসরকারি সংস্থা, মালিক ও শ্রমিক সংগঠনকে এগিয়ে আসার আহ্বান জানাচ্ছি।

নৌযান চালকদেরকে নিজ নিজ জাহাজসমূহে স্থাপিত নিরাপত্তা সরঞ্জামের সঠিক ব্যবহার নিশ্চিত করে আসন্ন বর্ষা মৌসুমে সতর্কতার সঙ্গে নৌযান পরিচালনা করতে হবে। একই সঙ্গে আমি যাত্রীদের প্রতিও সচেতন ও সতর্কভাবে নৌপথে চলাচলের অনুরোধ জানাই।

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ




প্রধানমন্ত্রী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সক্রিয় অংশগ্রহণ নৌ নিরাপত্তা সপ্তাহের সার্বিক আয়োজনের গুরুত্ব অনুধাবনে সবাইকে অনুপ্রাণিত করবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

আমি 'নৌ নিরাপত্তা সপ্তাহ ২০২৬'-এর সার্বিক সফলতা কামনা করছি।



তারেক রহমান